গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৮২৫.২২.০০৩.১৮.১৮ তারিখ: ২৭ বৈশাখ ১৪২৯/ ১০ মে ২০২২

**প্রজ্ঞাপন**

বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি (Government Performance Management System) বাস্তবায়নের লক্ষ্যে গঠিত জাতীয় কমিটি নিম্নরূপে পুনর্গঠন করা হলো:

(১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ - সভাপতি
(২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সিনিয়র সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় - সদস্য
(৩) সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় - সদস্য
(৪) সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় - সদস্য
(৫) সিনিয়র সচিব/সচিব, পরিকল্পনা বিভাগ - সদস্য
(৬) সিনিয়র সচিব/সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ - সদস্য
(৭) সিনিয়র সচিব/সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ - সদস্য
(৮) সিনিয়র সচিব/সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ - সদস্য
(৯) অতিরিক্ত সচিব/ যুগ্মসচিব (সংস্কার অনুবিভাগ), মন্ত্রিপরিষদ বিভাগ -সদস্য-সচিব

২। কমিটির কার্যপরিধি:
(ক) কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়নের বিষয়ে সার্বিক দিক-নির্দেশনা প্রদান;
(খ) মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক চূড়ান্তকরণ;
(গ) প্রতি অর্থবছর শেষে মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন এবং এর ফলাফল মাননীয় প্রধানমন্ত্রীর নিকট উপস্থাপন; এবং
(ঘ) কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়ে সরকার কর্তৃক প্রদত্ত অন্য যে কোনো দায়িত্ব পালন।

৩। জাতীয় কমিটি প্রয়োজনে কোনো মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিবকে কমিটিতে কো-অপ্ট করতে পারবে; এছাড়াও সুনির্দিষ্ট কোনো বিষয়ে আলোচনার প্রয়োজন হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিবকে কমিটির সভায় আমন্ত্রণ জানাতে পারবে।

৪। কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

৫। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১০/০৫/২২

(মোঃ শামীমুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৪১০৫০১১১
ইমেইল: pmpc_sec@cabinet.gov.bd